দৈনিক বাংলা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 23 JUL 1989
পৃষ্ঠা ... কলাম 5

102

# ময়মনসিংহে ৫০টি প্রাথমিক বিদ্যালয় ভবন নির্মিত হচ্ছে

(নিজস্ব সংবাদদাতা)

ময়মনসিংহ ২১শে জুলাই।— সার্বজনীন প্রাথমিক শিক্ষা কর্মসূচীর অধীনে ময়মনসিংহ জেলার ১২টি উপজেলায় ৫০টি গ্রামীন সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সেমিপাকা ভবন নির্মাণ করা হচ্ছে। ইতিমধ্যে ৩৪টি বিদ্যালয়ের ভবন নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে।

জেলা ফেমিলিটিজ বিভাগ সূত্রে জানা গেছে বিদ্যালয়ের সেমিপাকা ভবনগুলো নির্মাণে প্রায় ২ কোটি টাকা ব্যয় হবে। প্রতিটি ভবন নির্মাণে ৩ লাখ ৬২ হাজার টাকা বরাদ্দ দেওয়া হয়েছে। আগামী ২ মাসের মধ্যেই বিদ্যালয় ভবন গুলোর নির্মাণ কাজ শেষ হবে বলে আশা করা যাচ্ছে।

বিদ্যালয়গুলোতে সেমিপাকা ভবন ছাড়াও পানীয় জলের জন্য একটি করে নলকূপ ও পায়খানা স্থাপন করা হচ্ছে। উপজেলাওয়ারী নির্মাণাধীন বিদ্যালয়ের সংখ্যা হচ্ছে ময়মনসিংহ সদর উপজেলায় ৫টি মুক্তাগাছা উপজেলায় ২টি ফুলবাড়ীয়া ৬টি গফরগাঁয়ে ৪টি নান্দাইলে ৬টি ফুলপুরে ৪টি গৌরীপুর ৪টি ঈশ্বরগঞ্জ উপজেলায় ৫টি ভালুকায় ৫টি ত্রিশাল উপজেলায় ৪টি ধোবাউড়ায় ৪টি ও হালুয়াঘাট উপজেলায় ২টি।

এছাড়াও জেলার ২টি পৌরসভায় ২৪ লাখ টাকা ব্যয়ে ২টি টাউন প্রাইমারীর দ্বিতল ভবন নির্মাণ কাজ চলছে। পৌরসভা দুটি হচ্ছে মুক্তাগাছা ও গৌরীপুর।